

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
ullapara.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০২.০০২.১৮- ২৭৫০

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০১৮ খ্রিঃ।

বিষয় : উল্লাপাড়া উপজেলা ইনোভেশন টিমের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেফ্ষিতে জানানো যাচ্ছে যে, উল্লাপাড়া উপজেলা ইনোভেশন টিম কর্তৃক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রনয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা নিম্নরূপঃ

ছক

বিষয়	বিষয়ের অধিনে কর্মপরিকল্পনা	উপযোগিতা
ভাতাভোগী নির্বাচন সহজীকরণ	উপজেলা সমাজ সেবা অফিস : উপজেলা সমাজ সেবা অফিস, উল্লাপাড়া হতে প্রদত্ত বয়স্কভাতা, প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচন সহজীকরণের লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে উপজেলার সকল বয়স্কব্যক্তি ও প্রতিবন্ধী ব্যক্তিদের ডাটাবেজ প্রস্তুতকরণ।	কোন ভাতাভোগীর মৃত্যুর পর নতুন সংযোজনের ক্ষেত্রে সহজেই ডাটাবেজভুক্তদের মধ্য থেকে ভাতাভোগী নির্বাচন করা যাবে।
	উপজেলা মহিলা বিষয়ক অফিস : উপজেলা মহিলা বিষয়ক অফিস, উল্লাপাড়া হতে প্রদত্ত বিধবা ভাতাভোগী সহ অন্যান্য ভাতাভোগী নির্বাচন সহজীকরণের লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে সংশ্লিষ্টদের ডাটাবেজ প্রস্তুতকরণ।	কোন ভাতাভোগীর মৃত্যুর পর নতুন সংযোজনের ক্ষেত্রে সহজেই ডাটাবেজভুক্তদের মধ্য থেকে ভাতাভোগী নির্বাচন করা যাবে।
মুক্তিযুদ্ধের তথ্য ও স্মৃতি সংরক্ষণ	উল্লাপাড়া উপজেলায় বর্তমানে জীবিত ও ভাতাপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের নিয়ে মুক্তিযোদ্ধা আর্কাইভ, উল্লাপাড়া নির্মাণের পরিকল্পনা। যেখানে প্রত্যেক মুক্তিযোদ্ধার ব্যক্তিগত পরিচয়সহ যুদ্ধকালীন উল্লেখযোগ্য একটি ঘটনার বর্ণনাসহ ২ থেকে ৩ মিনিটের একটি ভিডিও প্রস্তুত করা হবে।	উল্লাপাড়া উপজেলায় মুক্তিযুদ্ধের সঠিক তথ্য ও মুক্তিযোদ্ধাদের স্মৃতি সংরক্ষণ করা সম্ভব হবে।
সেবাহীতাদের জন্য অপেক্ষমান কক্ষ নির্মাণ	উপজেলা পরিষদে সেবা নিতে আসা সেবা গ্রহীতাদের জন্য সুপেয় খাবার পানির সুবিধাসহ একটি অপেক্ষমান কক্ষ নির্মাণ।	সেবার মানোন্নয়ন
মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রী/ শিক্ষক মন্ডলীর উপস্থিতি নিশ্চিত করণ	উপজেলা পর্যায়ের সকল মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসায় শিক্ষকমন্ডলী ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে ডিজিটাল হাজিরার ব্যবস্থা গ্রহণ।	মাধ্যমিক শিক্ষার উন্নয়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীভূত হবে।
মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রী/ শিক্ষক মন্ডলীর উপস্থিতি নিশ্চিত করণ	উপজেলা পর্যায়ের সকল প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক মন্ডলী ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে ডিজিটাল হাজিরার ব্যবস্থা গ্রহণ।	উদ্যোগটি প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে বিশেষ ভূমিকা পালন করবে। ঝড়ে পরার হার কমবে সেই সাথে এটি শিক্ষকমন্ডলীর দায়িত্বশীলতা বৃদ্ধি করবে।
মেধাবী ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষা উপকরণ বিতরণ	উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের মেধাবী ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করার লক্ষ্যে তাদের টিফিন বক্স, ছাতা, স্কুল ব্যাগ বিতরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	মেধাবী ছাত্র-ছাত্রীদের প্রণোদনাসূচক এই উপকরণগুলো তাদের আরোও উৎসাহিত করবে।

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।

(মোঃ আরিফুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

ফোন নম্বর : +৮৮০৭৫২৯-৫৬১২৫
e-mail: unoullapara@gmail.com